রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারী ১০, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

প্রজ্ঞাপন

তারিখ: ২৬শে মাঘ, ১৪০০/৮ই ফেব্রুয়ারী, ১৯৯৪

এস, আর, ও নং ৫৩-আইন/৯৪/শ্রওজ-১০/মজুরী-১৩/৯৩—Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961) এর section 6(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছে যে, "এলুমিনিয়াম এণ্ড এনামেল ইণ্ডাস্ট্রিজ" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের নিম্নতম মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে উক্ত Ordinance এর section 3 এর অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক একই Ordinance এর section 5 এর বিধান মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উক্ত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবে।

**তফসিল**

"ক" পরিচ্ছেদ

এলুমিনিয়াম বিভাগ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মুল মজুরী টাকা | বাড়ী ভাড়া ভাতা (৩০%) টাকা | চিকিৎসা ভাতা টাকা | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উচ্চতর দক্ষ: | | | | |
| ১। ফোরম্যান | ১৮৫০ | ৫৫৫ | ১৫০ | ২৫৫৫ |
| ২। ইলেকট্রিক সুপারভাইজার | | | | |
| ৩। স্পিনার (১০" হইতে ২৩" পর্যন্ত) | | | | |



মূল্য: টাকা ২.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| দক্ষ-১ : | ১৪০০ | ৪২০ | ১৫০ | ১৯৭০ |
| ১। লেদম্যান/টার্ণার | | | | |
| ২। ফিটারম্যান | | | | |
| ৩। ইলেকট্রিশিয়ান | | | | |
| ৪। ইঞ্জিন ড্রাইভার | | | | |
| ৫। কার্পেন্টার | | | | |
| ৬। রাজমিস্ত্রী | | | | |
| ৭। কর্মকার | | | | |
| ৮। ড্রাইভার | | | | |
| ৯। ডাইমেকার/ফর্মা ম্যান | | | | |
| ১০। ওয়েল্ডার | | | | |
| ১১। স্পিনার্স (২২" হইতে ১৭" পর্যন্ত) | | | | |
| ১২। সোল্ডার/গালাই মিস্ত্রী | | | | |
| ১৩। রোলার ম্যান | | | | |
| ১৪। হেড মিস্ত্রী | | | | |
| দক্ষ-২ : | ১২০০ | ৩৬০ | ১৫০ | ১৭১০ |
| ১। স্পিনার্স (১৬" হইতে ১৩" পর্যন্ত) | | | | |
| ২। ঢালাই মিস্ত্রী | | | | |
| ৩। পলিশম্যান/পলিশ মিস্ত্রী | | | | |
| আধা-দক্ষ : | ১০৫০ | ৩১৫ | ১৫০ | ১৫১৫ |
| ১। সার্কেল কাটার/সিজারম্যান | | | | |
| ২। সহকারী ফিটার | | | | |
| ৩। সহকারী সোল্ডার | | | | |
| ৪। সহকারী ইঞ্জিন ড্রাইভার | | | | |
| ৫। স্পিনার্স (১২" হইতে ৮" পর্যন্ত) | | | | |
| ৬। সহকারী পলিশম্যান/সহকারী পলিশ মিস্ত্রী। | | | | |
| ৭। সহকারী রোলারম্যা | | | | |
| ৮। সহকারী টার্নার | | | | |
| ৯। খোলাই মিস্ত্রী | | | | |
| ১০। সহকারী ঢালাই মিস্ত্রী | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| অদক্ষ: | ৯০০ | ২৭০ | ১৫০ | ১৩২০ |
| ১। সকল হেলপার | | | | |
| ২। সাধারণ শ্রমিক | | | | |
| শিক্ষানবিস | ৭০০ শিক্ষা-নবিস ভাতা | | | |

**এনামেল বিভাগ**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| উচ্চতর দক্ষ: | ১৮৫০ | ৫৫৫ | ১৫০ | ২৫৫৫ |
| ১। ফোরম্যান | | | | |
| ২। কেমিষ্ট | | | | |
| ৩। ইলেকট্রিক সুপারভাইজার | | | | |
| দক্ষ-১: | ১৪০০ | ৪২০ | ১৫০ | ১৯৭০ |
| ১। লেদম্যান/টার্ণার | | | | |
| ২। ফিটারম্যান | | | | |
| ৩। ইলেকট্রিশিয়ান | | | | |
| ৪। ইঞ্জিন ড্রাইভার | | | | |
| ৫। কার্পেন্টার | | | | |
| ৬। রাজমিস্ত্রী/মিস্ত্রী | | | | |
| ৭। কর্মকার | | | | |
| ৮। ড্রাইভার | | | | |
| ৯। ওয়েল্ডার | | | | |
| ১০। ডাই মেকার/ফরমাম্যান | | | | |
| ১১। সহকারী ফোরম্যান (সরাসরি) | | | | |
| ১২। ফায়ারম্যান (সরাসরি) | | | | |
| ১৩। জুনিয়ার কেমিষ্ট | | | | |
| দক্ষ-২: | ১২০০ | ৩৬০ | ১৫০ | ১৭১০ |
| ১। রোলিংম্যান | | | | |
| ২। কোটিংম্যান | | | | |
| ৩। বিডিংম্যান | | | | |
| ৪। ফায়ারম্যান (পরোক্ষ) | | | | |
| ৫। প্রেসম্যান | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| আধা-দক্ষ : | ১০৫০ | ৩১৫ | ১৫০ | ১৫১ |
| ১। সহকারী ফিটার | | | | |
| ২। সহকারী ইঞ্জিন ড্রাইভার | | | | |
| ৩। সহকারী ব্লোলিংম্যান | | | | |
| ৪। সহকারী টার্ণার | | | | |
| ৫। সহকারী কোটিংম্যান | | | | |
| ৬। সহকারী ধোলাই মিস্ত্রী | | | | |
| ৭। বেকারম্যান | | | | |
| ৮। সহকারী বিডিংম্যান | | | | |
| ৯। সহকারী ডাইমেকার | | | | |
| ১০। সহকারী কার্বারম্যান | | | | |
| ১১। ডিপার | | | | |
| ১২। সহকারী প্রেসম্যান | | | | |
| ১৩। ব্লেন্ডিংম্যান | | | | |
| ১৪। পিক লিং মিস্ত্রী | | | | |
| অদক্ষ : | ৯০০ | ২৭০ | ১৫০ | ১৩২০ |
| ১। সকল হেলপার | | | | |
| ২। সাধারণ শ্রমিক | | | | |
| শিক্ষানবিস | ৭০০ শিক্ষানবিস ভাতা | | | |

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (৩০%) টাকা | চিকিৎসা ভাতা টাকা | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৪ |
| গ্রেড-১ : | ১৪০০ | ৪২০ | ১৫০ | ১৯৭০ |
| ১। হিসাব রক্ষক | | | | |
| ২। ষ্টোর কিপার | | | | |
| গ্রেড-২ : | ১২০০ | ৩৬০ | ১৫০ | ১৭১০ |
| ১। সহকারী হিসাব রক্ষক | | | | |
| ২। ষ্টোর এসিষ্ট্যান্ট | | | | |
| ৩। টেলিফোন অপারেটর | | | | |
| ৪। টাইম কিপার | | | | |
| ৫। টাইপিষ্ট | | | | |
| ৬। ক্লার্ক | | | | |
| ৭। ড্রাইভার | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| গ্রেড-৩: | ৯০০ | ২৭০ | ১৫০ | ১৩২০ |
| ১। পিয়ন | | | | |
| ২। দারোয়ান | | | | |
| ৩। নাইট গার্ড | | | | |
| ৪। মালি | | | | |
| ৫। সুইপার/ক্লিনার | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোল্লা গোলাম সারওয়ার
উপ-সচিব (শ্রম)।

বিঃদ্রঃ এতদসংগে মজুরী বোর্ডের সুপারিশ ১৯৯৩-এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## এলুমিনিয়াম এন্ড এনামেল ইন্ডাষ্ট্রি

## সুপারিশ, ১৯৯৪

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯) এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২১শে এপ্রিল, ১৯৯৩ তারিখে জারীকৃত এস, আর, ও নং ৭৫/আইন/৯৩,শ্রওজ-১০/মজুরী-২/৯২ নং প্রজ্ঞাপন দ্বারা এলুমিনিয়াম এন্ড এনামেল ইন্ডাষ্ট্রিতে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের জন্য অত্র বোর্ডকে নির্দেশ দেন এবং উক্ত ইন্ডাষ্ট্রিতে প্রতিনিধিত্ব করার জন্য একই প্রজ্ঞাপন দ্বারা মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

অতঃপর বোর্ড কয়েকটি বৈঠকে মিলিত হন এবং দেশের বিভিন্ন স্থানে অবস্থিত বহু এলুমিনিয়াম এন্ড এনামেল ইন্ডাষ্ট্রিতে প্রশ্নপত্র প্রেরণের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ করেন এবং বেশ কিছু এলুমিনিয়াম এন্ড এনামেল ইন্ডাষ্ট্রি পরিদর্শন করিয়া শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিষ্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধি মালার ১৫(১) বিধি মোতাবেক খসড়া সুপারিশ সংশ্লিষ্ট মালিক ও শ্রমিকসহ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন। উক্ত খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক কোন আপত্তি/প্রস্তাব পাওয়া যায় নাই। বোর্ড বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে খসড়া সুপারিশে উল্লেখিত নিম্নতম মজুরী ও পদবিন্যাস অপরিবর্তিত রাখিয়া ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন :—

১। বাংলাদেশে অবস্থিত এলুমিনিয়াম এন্ড এনামেল ইন্ডাষ্ট্রিকে দুইটি বিভাগে বিভক্ত করা হইয়াছে যথাঃ— এলুমিনিয়াম বিভাগ ও এনামেল বিভাগ। উভয় বিভাগে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক

অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে (১) উচ্চতর দক্ষ (২) দক্ষ-১, (৩) দক্ষ-২, (৪) আধা-দক্ষ ও (৫) অদক্ষ এই ৫ শ্রেণীতে এবং কর্মচারীদের (১) গ্রেড-১, (২) গ্রেড-২ ও (৩) গ্রেড-৩ এই ৩ শ্রেণীতে পদবিন্যাস করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক" এ বলা হইয়াছে। উক্ত "ক" পরিচ্ছেদে শিক্ষানবিসদের জন্য শিক্ষানবিস ভাতাও উল্লেখ করা হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে উক্ত ইন্ডাস্ট্রির মালিক "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

(৩) যদি কোন ইন্ডাষ্ট্রিতে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরীপ্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

৪। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারবেন।

৫। যদি কোন ইন্ডাষ্ট্রির মালিক শ্রমিকদিগকে ফুরনভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাঁহাকে এই সুপারিশ মোতাবেক তাঁহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাঁহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৬। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

**এ, এস, এম, হেদায়েত হোসেন**
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড

**অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ**
নিরপেক্ষ সদস্য

**মনোয়ার উদ্দিন আহাম্মদ**
মালিক পক্ষের সদস্য

**ওবায়দুর রহমান**
মালিক পক্ষের সদস্য

**মোঃ ওলিউল্যা**
শ্রমিক পক্ষের সদস্য

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।